কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

BHARATI EDUCATION CENTRE
কোচিং ও নোটস সহ ভর্তি চলছে
NIOS
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
বাংলা ও ইংরাজী মাধ্যম
98313 71548 / 91632 82856

বর্ষ ৪৩ সংখ্যা ৪ কলকাতা বুধবার, ১৭ অগস্ট ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩২ শ্রাবণ ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## গেইলে ২৭৬

ফোরম্যান, জুনিয়র কেমিস্ট, জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট-সহ বিভিন্ন পদে ২৭৬ জন কর্মী নেবে গ্যাস অথরিটি অব ইন্ডিয়া (গেইল)। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GAIL/OPEN/MISC/01/2022 .

**শূন্যপদের বিবরণ: ফোরম্যান (ইনস্ট্রুমেন্টেশন):** ১৪টি (তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৯)। শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা,

এরপর সাতের পাতায়

## পাঁচ পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে
# ৪৩০০ সাব-ইন্সপেক্টর

৪,৩০০ জন সাব-ইন্সপেক্টর নেবে পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশ। নিয়োগ করা হবে বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স, সশস্ত্র সীমা বল ও দিল্লি পুলিশে। ২ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন 'সাব-ইন্সপেক্টর ইন দিল্লি পুলিশ অ্যান্ড সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে।

**শূন্যপদের বিবরণ: সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ): দিল্লি পুলিশ:** পুরুষ: ২০৫টি। এর মধ্যে ১৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১২টি শূন্যপদ স্পেশ্যাল ক্যাটেগরিভুক্ত প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৯১, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৪৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৩। মহিলা: ১১২টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১১)।

**সাব-ইন্সপেক্টর (জেনারেল ডিউটি): বর্ডার সিকিউরিটি ফোর্স:** পুরুষ: ৩৩৬টি (সাধারণ ১৩৩, তফসিলি জাতি ৫৮, তফসিলি উপজাতি ২১, ও বি সি ১০৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। মহিলা: ১৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

এরপর তিনের পাতায়

## স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে
# কেন্দ্রীয় সরকারে ইঞ্জিনিয়ার

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে ভারত সরকারের বর্ডার রোডস অর্গানাইজেশন, সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট, সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশন, ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল) এবং ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল শাখায়। তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। একটি সর্বভারতীয় পরীক্ষা 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্র্যাক্টস) এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** বর্ডার রোডস অর্গানাইজেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি অথবা ডিপ্লোমা, ডিপ্লোমাধারীদের

এরপর সাতের পাতায়

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ২৪৬

ড্রাফটসম্যান, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার-সহ বিভিন্ন পদে ২৪৬ জনকে নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। শুধু পুরুষরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2022।

**শূন্যপদের বিবরণ:** ড্রাফটসম্যান ১৪টি (সাধারণ ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হতে। সুপারভাইজর (অ্যাডমিনিস্ট্রেশন) ৭টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। সুপারভাইজর স্টোর্স ১৩টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। সুপারভাইজর সাইফার ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হবে। হিন্দি টাইপিস্ট ১০টি (সাধারণ ১, তফসিলি জাতি ৪; তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। অপারেটর (কমিউনিকেশন) ৩৫টি (তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। ইলেক্ট্রিশিয়ান ৩০টি (তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টি ও শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধী এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। ওয়েল্ডার ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হবে। মাল্টি-স্কিল্ড ওয়ার্কার (ব্ল্যাকস্মিথ) ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩,

এরপর আটের পাতায়

# সাইয়ে ১৩৮ অ্যানালিস্ট

বিভিন্ন বিভাগে ১৩৮ জন হাই পারফর্ম্যান্স অ্যানালিস্ট নেবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া (সাই)। নিয়োগ করা হবে ফিজিওথেরাপিস্ট, স্ট্রেংথ অ্যান্ড কন্ডিশনিং এক্সপার্ট, ফিজিও-লজিস্ট, সাইকোলজিস্ট, বায়োমেকানিক, নিউট্রিশনিস্ট, বায়োকেমিস্ট বিভাগে, সংস্থার ন্যাশনাল সেন্টার অব এক্সেলেন্সগুলিতে। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। চুক্তির মেয়াদ ৮ বছর পর্যন্ত বৃদ্ধির সুযোগ রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01-08001(02)/5/2022-HO - Sports Science.

**বিভাগ অনুসারে শূন্যপদ: ফিজিওথেরাপিস্ট:** ৪২টি। **স্ট্রেংথ অ্যান্ড কন্ডিশনিং এক্সপার্ট:** ৪২টি। **ফিজিওলজিস্ট:** ১৩টি। **সাইকোলজিস্ট:** ১৩টি। **বায়োমেকানিক্স:** ১৩টি। **নিউট্রিশনিস্ট:** ১৩টি। **বায়োকেমিস্ট:** ২টি।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৫৮, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৩।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিওথেরাপিস্টের ক্ষেত্রে ফিজিওথেরাপিতে স্নাতক বা সমতুল।

স্ট্রেংথ অ্যান্ড কন্ডিশনিং এক্সপার্টের ক্ষেত্রে স্পোর্টস অ্যান্ড এক্সারসাইজ সায়েন্স বা

এরপর আটের পাতায়

## ন্যাশনাল অ্যালুমিনিয়ামে ১৮৯
# ট্রেনি গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

১৮৯ জন ট্রেনি গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে ন্যাশনাল অ্যালুমিনিয়াম কোম্পানি (ন্যালকো)। নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন-সহ বিভিন্ন শাখায়। প্রার্থীকে অবশ্যই ২০২২-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 10220801.

**শাখানুসারে শূন্যপদের বিবরণ:** মেকানিক্যাল: ৫৮টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৬)।

ইলেক্ট্রিক্যাল: ৪১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

ইনস্ট্রুমেন্টেশন: ৩২টি (সাধারণ

এরপর আটের পাতায়

# কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট


অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট পদে ৭০ জনকে নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। জেনারেল ডিউটি, টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স) ব্রাঞ্চ এবং কমার্শিয়াল পাইলট লাইসেন্স শাখায় নিয়োগ করা হবে গ্রুপ 'এ' ক্যাটেগরিতে। মহিলারা কেবল কমার্শিয়াল পাইলট লাইসেন্স শাখায় আবেদন করতে পারেন। প্রশিক্ষণ দেওয়া হবে 02/2023 ব্যাচে।

**ব্রাঞ্চ ও এন্ট্রি অনুসারে শূন্যপদের বিন্যাস: মোট শূন্যপদ: জেনারেল ডিউটি ও কমার্শিয়াল পাইলট লাইসেন্স** ৫০টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৩। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল ডিউটি শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও এই দুই বিষয়ের প্রতিটিতে ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ডিপ্লোমা পাশের পর স্নাতক উত্তীর্ণ প্রার্থীরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে ডিপ্লোমা স্তরে অন্তত ৫৫ শতাংশ নম্বর

এরপর দুয়ের পাতায়

# রোজগারের আশা দেখাচ্ছে স্বয়ংক্রিয় ঢেঁকি

গ্রামবাংলার ঘরোয়া কারিগরিতে তৈরি ঐতিহ্যশালী এক যন্ত্র ঢেঁকি। রাইস মিল তৈরির পরে ধান ছাঁটার জন্য ঢেঁকির ব্যবহার কমে গিয়েছে। যদিও ঢেঁকিছাঁটা চালের পুষ্টিগুণ মেশিনে পালিশ করা চালে নেই। নেই সেই সুগন্ধও। স্বাস্থ্য-সচেতনতার যুগে নতুন করে ফিরছে ঢেঁকি, এবার স্বয়ংক্রিয় হয়ে। স্বয়ংক্রিয় ঢেঁকি কিনে ঢেঁকিছাঁটা চালের ব্যবসা করলে ভালো রোজগারের সম্ভাবনা এখন যথেষ্ট।



**নিজস্ব প্রতিনিধি:** রোজগারের দিশা দেখাচ্ছে স্বয়ংক্রিয় ঢেঁকি। ঐতিহ্যের সঙ্গে বিজ্ঞানের মেলবন্ধনে তৈরি স্বয়ংক্রিয় ঢেঁকি কাজের সুযোগ এনে দিয়েছে বহু কর্মহীন মানুষের কাছে।

বাঙালির প্রধান খাদ্য ভাত। কিন্তু মেশিনে পালিশ করা চালের ভাতে প্রায় আশি শতাংশ খাদ্যগুণই নষ্ট হয়ে যায়। ধানের খোসার নীচে থাকে একটি কোটিং বা আস্তরণ। এই আস্তরণটি ভিটামিন ও অ্যান্টি অক্সিডেন্ট সমৃদ্ধ। বাঁকুড়ার ভূতমুড়ি, উত্তরবঙ্গের কালো নুনিয়া, বাংলার লাল মেটে ধানের গায়ে থাকা আস্তরণ অ্যান্টি অক্সিডেন্ট ভরপুর। অ্যান্টি অক্সিডেন্ট নানা রোগ প্রতিরোধে সহায়ক। মেশিনে বা কলে ছাঁটার সময় চালের উপরের খোসা বা তুষের সঙ্গে ছাঁটাই হয়ে যায় চালের গায়ে জড়িয়ে থাকা ওই পাতলা

এরপর আটের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কী পড়বেন, কোথায় পড়বেন

## স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্স

স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ৫ বছর।

কোর্সের বিবরণ: ইন্টিগ্রেটেড এম এসসি ইন স্ট্যাটিস্টিক্স: আসনসংখ্যা ৩১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ২)। নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স এবং ইংলিশ পড়ে থাকতে হবে। ২০১৯-২০ শিক্ষাবর্ষের আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। মেধাতালিকা প্রকাশিত হবে ২ সেপ্টেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in আবেদনের শেষ তারিখ ২৯ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অম্বুজার কারিগরি ও পেশাদারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** চাকরি ও ব্যবসার উপযোগী বিভিন্ন পেশাদারি ও কারিগরি কোর্সে প্রশিক্ষণ দিচ্ছে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের প্রতিষ্ঠান স্কিল অ্যান্ড এন্ট্রিপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (সেডি)। ভর্তির জন্য এখনই আবেদন করতে পারেন। আসনসংখ্যা সীমিত।

প্রশিক্ষণ দেওয়া হবে এই সব কোর্সে: কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ, বিউটিশিয়ান, সিউয়িং মেশিন অপারেটর।

প্রতিটি প্রশিক্ষণের মেয়াদ তিন মাস।

শিক্ষাগত যোগ্যতা: কোর্স অনুযায়ী অষ্টম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

ন্যূনতম কোর্স ফি: ১,৫০০ টাকা।

প্রশিক্ষণ শেষে সফল প্রার্থীদের সার্টিফিকেট দেওয়া হবে।

আগ্রহীরা সপ্তাহের যে-কোনও কাজের দিন সকাল ৯টা থেকে বিকেল ৬টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (অম্বুজা সিমেন্ট কারখানার ভিতরে), সাঁকরাইল, ধুলাগোড়ি, হাওড়া। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৭৯৮০৭-২০৮৬৮ অথবা ৯৭৪৮৪-০৭৯০০।

## স্কলারশিপের খোঁজখবর

### এল আই সি এইচ এফ এল বিদ্যাধন স্কলারশিপ ২০২২-২৩

একাদশ শ্রেণি, স্নাতক ও স্নাতকোত্তর স্তরের প্রথম বর্ষে পাঠরত আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এল আই সি এইচ এফ এল।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীর শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় ৩,৬০,০০০ টাকার নীচে হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/LHVT3 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

### বেগম হজরত মহল ন্যাশনাল স্কলারশিপ স্কিম ফর মাইনরিটিজ গার্লস ২০২২-২৩

নবম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত সংখ্যালঘু ক্যাটেগরিভুক্ত (মুসলিম, খ্রিস্টান, শিখ, বৌদ্ধ, পার্সি, জৈন) ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীর শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় ২ লাখ টাকার নীচে হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৬,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BHMN2 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## গার্ডেনরিচ শিপবিল্ডার্সে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের প্রি-সি ট্রেনিং কোর্স

এক বছরের মেরিন ইঞ্জিনিয়ারিং প্রি-সি ট্রেনিং (টি এম ই/জি এম ই) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। কোর্সটি ভারত সরকারের দ্য ডিরেক্টর জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

**আসনসংখ্যা:** ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** এ আই সি টি ই বা ইউ জি সি কর্তৃক স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ন্যাভাল আর্কিটেকচার বা মেরিন বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক অথবা স্নাতক স্তরে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ১-৯-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থীর অবশ্যই পাসপোর্ট থাকতে হবে।

**কোর্স ফি:** ১,৮২,০০০ টাকা (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১,৭২,৯০০ টাকা)।

প্রার্থী বাছাই করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে (সপ্তম ও অষ্টম সেমেস্টার) প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.dgshipping.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓ফি বাবদ ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Garden Reach Shipbuilders & Engineers Ltd.'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। তফসিলি প্রার্থীদের কোনও ফি লাগবে না। ✓প্রার্থীর পাসপোর্ট মাপের এক কপি ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓পাসপোর্টের স্বপ্রত্যয়িত নকল। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্যারালাল এন্ট্রির প্রার্থীদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক ও ডিপ্লোমার সার্টিফিকেট ও মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থী যে প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন, সেই প্রতিষ্ঠানের প্রধানের দ্বারা নির্দিষ্ট বয়ানে সেই শিক্ষা প্রতিষ্ঠানটির এ আই সি টি ই বা ইউ জি সি দ্বারা বৈধতার প্রমাণপত্র।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: In-charge (TTC), GRSE Ltd, 5, Dr. R.N. Tagore Road, Kolkata-700056. আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ প্রতিষ্ঠানের তরফে জানানো হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

## কমন ল অ্যাডমিশন টেস্ট ১৮ ডিসেম্বর

আইনের ৫ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড স্নাতক এবং ১ বছর মেয়াদের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট), ২০২৩ আয়োজিত হবে ১৮ ডিসেম্বর (রবিবার)। এই পরীক্ষার মাধ্যমে কলকাতার দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অব জুরিডিক্যাল সায়েন্সেস-সহ সারা ভারতের ২২টি জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া যায়।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক। উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। স্নাতক স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, জেনারেল নলেজ-সহ কারেন্ট অ্যাফেয়ার্স, লিগ্যাল রিজনিং, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ টেকনিক্স বিষয়ে। মোট নম্বর ১৫০। স্নাতকোত্তর স্তরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে কনস্টিটিউশনাল ল, জুরিসপ্রুডেন্স এবং অন্যান্য আইন-সংক্রান্ত বিষয়ে। মোট নম্বর ১২০। উভয় ক্ষেত্রেই সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.consortiumofnlus.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, বি পি এল ক্যাটেগরির ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এটি লিখে রাখবেন।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪,০০০ টাকা (তফসিলি এবং দারিদ্রসীমার নীচে থাকা প্রার্থীদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা)।

অনলাইনে যথাযথভাবে পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইন আবেদন-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**

DD – 26, Sector – I, Salt Lake City, Kolkata – 700064
ESTABLISHED BY WB ACT (XIX) OF 1997, RECOGNIZED BY UGC-DEB, NAAC ACCREDITED WITH GRADE A
Email.: nsou@wbnsou.ac.in; Website: www.wbnsou.ac.in

Memo No. : Reg / 1699 Date : 04.08.2022

ADMISSION NOTIFICATION FOR UNDER GRADUATE DEGREE PROGRAMME (UG), ACADEMIC YEAR 2022-23

Online applications are invited from eligible Indian nationals for admission to the following Under Graduate, Honours programmes under CBCS system for July-2022 session.

**PROGRAMMES OFFERED BY SCHOOL OF HUMANITIES**

(1) B.A. in Bengali ; HBG ; Passed 10+2 Examination or equivalent / Passed 10+2 in Vocational Courses.
(2) B.A. in English; HEG ; Passed 10+2 Examination with 40% marks in English or equivalent / Passed 10+2 in Vocational Courses with 40% marks in English.

**PROGRAMMES OFFERED BY SCHOOL OF SOCIAL SCIENCES**

(1) B.A. in History ; HHI. (2) B.A. in Political Science ; HPS. (3) B.A. in Public Administration; HPA; (4) B.A. in Sociology ; HSO; Passed 10+2 Examinatioh or equivalent / Passed 10+2 in Vocational Courses.

**PROGRAMMES OFFERED BY SCHOOL OF SCIENCES**

(1) B.Sc. in Physics ; HPH & (2) B.Sc. in Chemistry; HCH; Passed 10+2 examination or equivalent with 40% marks in respective subject and pass marks in Mathematics. (3) B.Sc. in Mathematics; HMT; Passed 10+2 examination or equivalent with 50% marks in Mathematics. (4) B.Sc. in Geography; HGR; Passed 10+2 examination or equivalent with 50% marks in Geography. (5) B.Sc. in Zoology; HZO; Passed 10+2 examination or equivalent with 50% marks in Biology. (6) B.Sc. in Botany; HBT; Passed 10+2 examination or equivalent with 40% marks in Biology.

**PROGRAMME OFFERED BY SCHOOL OF EDUCATION**

B.A. in Education; HED; Passed 10+2 examination or equivalent with 45% marks in Arts & Science streams only / Passed 10+2 in Vocational stream or courses with 45% marks.


**PROGRAMMES OFFERED BY SCHOOL OF PROFESSIONAL STUDIES**

(1) Bachelor of Commerce ; HCO. Passed 10+2 examination or equivalent / Passed 10+2 in Vocational Courses.
(2) B.A. in Economics; HEC; Passed 10+2 Examination or equivalent / Passed 10+2 in Vocational Courses.

For detailed admission notification, eligibility criteria, programme duration, list of Learner Support Centres, fee structure, steps to be followed and other guidelines please visit our admission website (bdp.wbnsouadmissions.com). The admission portal will remain open till 22.08.2022 (06.00 P.M.).

Registrar





## স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে
# কেন্দ্রীয় সরকারে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি অথবা ইলেক্ট্রিক্যাল বা অটোমোবাইল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা, ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বর্ডার রোডস অর্গানাইজেশনে শুধুমাত্র ছেলেরাই আবেদন করবেন।

সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমাও গ্রাহ্য হবে।

সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

সেন্ট্রাল ওয়াটার কমিশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল)-এ জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি অথবা ডিপ্লোমা, ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা, সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা এবং সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল এবং মেকানিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

আন্দামান অ্যান্ড লাক্ষাদ্বীপ হার্বার ওয়ার্কসে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**বয়স:** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) ও সেন্ট্রাল ওয়াটার কমিশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে।

সব ক্ষেত্রেই বয়স হিসেব করবেন ১-১-২০২২ তারিখে। বয়সসীমায় তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছরের ছাড় পাবেন। যুদ্ধক্ষেত্রে আঘাতপ্রাপ্ত সমরকর্মী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সব ক্ষেত্রেই ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-'বি' নন-গেজেটেড পদে।

প্রার্থী বাছাই করা হবে মোট ৫০০ নম্বরের অনলাইন (পেপার ওয়ান) ও লিখিত পরীক্ষার (পেপার টু) মাধ্যমে। পেপার ওয়ানের পরীক্ষা কম্পিউটার-ভিত্তিক। পশ্চিমবঙ্গে লিখিত পরীক্ষার কেন্দ্র কলকাতা, আসানসোল, কল্যাণী, বর্ধমান, দুর্গাপুর ও শিলিগুড়ি। পরীক্ষা নভেম্বরে।

পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারের সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। মোট সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল টাইপ প্রশ্ন হবে। মোট সময় ২ ঘণ্টা। পরীক্ষার তারিখ এখনও কমিশনের তরফে জানানো হয়নি। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টু-এর পরীক্ষায় বসার জন্য যোগ্য বিবেচিত হবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২ সেপ্টেম্বর। অনলাইন দরখাস্ত করার আগে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করাতে হবে। যদি আগেই এনরোলমেন্ট করিয়ে থাকেন তবে নতুন করে এনরোলমেন্ট করানোর দরকার নেই। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় (পার্ট-টু রেজিস্ট্রেশন) প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জেপেগ ফর্ম্যাটে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ১২-৮-২০২২ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না। রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। এস বি আই চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে হবে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ সেপ্টেম্বর। সে ক্ষেত্রে ২ সেপ্টেম্বর রাত ১১টার মধ্যে চালান ডাউনলোড করে নিতে হবে। এছাড়াও নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার/মায়েস্ট্রো/রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ভীম ইউ পি আইয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ নভেম্বর। ফি জমা দেওয়ার পর ট্রানজ্যাকশন আই ডি পাওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় এডুকেশনাল কোয়ালিফিকেশন কোড, সাবজেক্ট কোড এবং ক্যাটেগরি কোড দরকার হবে। বিভিন্ন খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন স্টাফ সিলেকশন কমিশনের এই ওয়েবসাইট: http://ssc.nic.in

## আই সি আই সি আই ব্যাঙ্কে ট্রেনিং দিয়ে
# প্রবেশনারি অফিসার

**নিজস্ব প্রতিনিধি:** গ্র্যাজুয়েট তরুণ-তরুণীদের ব্যাঙ্কিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে প্রশিক্ষণ দিয়ে প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করবে আই সি আই সি আই ব্যাঙ্ক। মণিপাল গ্লোবাল এডুকেশন সার্ভিসেসের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পড়ানো হবে। ২ মাসের ইন্টার্নশিপ ও ৪ মাসের অন-জব ট্রেনিং-সহ ১ বছরের পূর্ণ সময়ের কোর্স এটি। কোর্স শেষে ডেপুটি ম্যানেজার গ্রেডে প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করা হবে বলে ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে।

গ্র্যাজুয়েশনে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে তবেই আবেদন করা যাবে। বয়স হতে হবে ২৭ বছরের নীচে।

প্রথম টার্মে ৪ মাসের ক্লাস হবে আই এম এ, বেঙ্গালুরুতে। দ্বিতীয় টার্মে ২ মাসের ইন্টার্নশিপ ট্রেনিং আই সি আই সি আই ব্যাঙ্কে। তৃতীয় টার্মে ফের ২ মাসের ক্লাসরুম প্রশিক্ষণ। চতুর্থ টার্মে আই সি আই সি আই ব্যাঙ্কে অন-জব ট্রেনিং।

প্রশিক্ষণ চলাকালীন প্রথম ৮ মাস ৫,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। অন-জব ট্রেনিংয়ের সময় প্রশিক্ষণ কেন্দ্র অনুসারে স্টাইপেন্ড ১৬,০০০-২০,৫০০ টাকা।

প্রশিক্ষণ শেষে নিয়োগ হবে ডেপুটি ম্যানেজার (পে ব্যান্ড-১) গ্রেডে। শুরুতে বেতন ৪,২৫,০০০-৪,৫০,০০০ টাকা।

কোর্স ফি: ৩,৭১,৭০০ টাকা। প্রয়োজনে আই সি আই সি আই ব্যাঙ্ক থেকে কোর্স ফি বাবদ ঋণ পাওয়া যাবে বলে ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে দরখাস্ত যাচাই করা হবে। তারপর অনলাইন অ্যাপ্টিটিউড টেস্ট। এই টেস্টে উত্তীর্ণ হলে ভিডিও অ্যাসেসমেন্ট। সবশেষে ইন্টারভিউ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.icicicareers.com

এখনই দরখাস্ত করা যাচ্ছে। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

# জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায় ড্রাইভার

অর্ডিনারি গ্রেড ড্রাইভার পদে ১৯ জনকে নেবে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া। সংস্থার পূর্বাঞ্চলীয় অফিসে নিয়োগ করা হবে গ্রুপ 'সি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1325/A-32016/Rectt./Driver (OG)/Estt. I & II/ER/2022.

**শূন্যপদের বিবরণ:** মোট শূন্যপদ ১৯টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে। আবেদনের যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল, সঙ্গে বৈধ লাইট মোটর ভেহিক্যল ও হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি ট্রাক, জিপ ও ট্র্যাক্টর চালানোর অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যান মেরামত ও রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.gsi.gov.in ২৬ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

দরখাস্ত-সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে ১০৮ কনস্টেবল

১০৮ জন কনস্টেবল (পাইওনিয়ার) নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ। এটি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে কার্পেন্টার, ম্যাসন ও প্লাম্বার ট্রেডে। এটি একটি অস্থায়ী নিয়োগ, তবে ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে। কেবল পুরুষরা আবেদন করবেন।

**ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: কার্পেন্টার:** ৫৬টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **ম্যাসন:** ৩১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **প্লাম্বার:** ২১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত আই টি আই থেকে সংশ্লিষ্ট ট্রেডে এক বছরের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। **বয়স:** ১৭-৯-২০২২ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, লিখিত পরীক্ষা, ট্রেড টেস্ট ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ অগস্ট থেকে ১৭ সেপ্টেম্বর পর্যন্ত।

বিস্তারিত তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গেইলে ২৭৬

*প্রথম পাতার পর*

সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট (অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ):** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: হিন্দি সাহিত্যে স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। সঙ্গে কোনও সংস্থায় ইংরেজি থেকে হিন্দি বা হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম এস অফিস এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

**জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট (এইচ আর):** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে স্নাতকোত্তর ডিপ্লোমা। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম এস অফিস এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

**জুনিয়র কেমিস্ট:** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে এম এসসি। এর পাশাপাশি কোনও হাইড্রোকার্বন শিল্প সংস্থার কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরিতে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ল্যাবরেটরি):** ৩টি (তফসিলি জাতি)। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। বি এসসিতে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। এর পাশাপাশি কোনও হাইড্রোকার্বন শিল্প সংস্থার কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরিতে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অপারেটর (কেমিক্যাল):** ২৯টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। বি এসসিতে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা অনার্স-সহ কেমিস্ট্রিতে বি এসসি পাশ। এর পাশাপাশি হাইড্রোকার্বন রিফাইনারি বা ফার্টিলাইজার প্লান্ট বা পেট্রোকেমিক্যাল প্লান্টে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট (স্টোর অ্যান্ড পারচেজ):** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। এম এস অফিস এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট:** ২৪টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: বি কম পাশ। এম এস অফিস এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**মার্কেটিং অ্যাসিস্ট্যান্ট:** ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: বি বি এ বা বি বি এম বা বি বি এস কোর্স পাশ। এম এস অফিস এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

উপরোক্ত সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতায় মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল):** ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা ওয়্যারম্যান ট্রেডে আই টি আই কোর্স পাশ বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (ইনস্ট্রুমেন্টেশন):** ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইনস্ট্রুমেন্টেশন ট্রেডে আই টি আই কোর্স পাশ বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (মেকানিক্যাল):** ৩৮টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ডিজেল মেকানিক বা মেশিনিস্ট বা টার্নার ট্রেডে আই টি আই কোর্স পাশ বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (টেলিকম অ্যান্ড টেলিমেট্রি):** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন ট্রেডে আই টি আই কোর্স পাশ বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অপারেটর (ফায়ার):** ২৩টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ছয় মাস মেয়াদের ফায়ারম্যানস ট্রেনিং কোর্স করে থাকতে হবে এবং বৈধ হেভি ভেহিক্যল বা ফায়ার টেন্ডার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পাম্প বা ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট পরিচালনায় দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১৫-৯-২০২২ তারিখে ফোরম্যান, জুনিয়র কেমিস্ট এবং জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং অন্যান্য বাকি পদগুলির ক্ষেত্রে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ফোরম্যান, জুনিয়র কেমিস্ট এবং জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে ২৯,০০০-১,২০,০০০ টাকা। অন্যান্য পদের ক্ষেত্রে ২৪,৫০০-৯০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল বা ট্রেড টেস্ট এবং দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gailonline.com অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত রঙিন ফটো (১০০ কেবি সাইজের মধ্যে) ও সাদা কাগজে কালো কালিতে করা সই (১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর-সহ সাবমিট করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

